

**AKASHVANI(Kolkata
Regional News Unit**

Date: 22-11-2025

Desk in Charge : S.D.G.

Time : 7-35 AM

Compiling : DSS

DEO : KB

NRT : DSS

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর: -

১/ আগামী বিধানসভা ভোটের প্রস্তুতি নিয়ে মুখ্যসচিব মনোজ পন্থ আজ নবান্নে জেলাশাসকদের সঙ্গে এক বৈঠকে করবেন। #এদিকে, ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার সাফল্য মূলত বুথ লেভেল আধিকারিকদের ওপর নির্ভরশীল এবং নির্বাচন কমিশন তাদের উপর, পূর্ণ আস্থা রাখছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন।

২/ SIR-এর কাজ করতে গিয়ে BLO-দের উপর অতিরিক্ত চাপের যে অভিযোগ উঠেছে, তার জন্য মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকেই দায়ী করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

৩/ ভুয়ো আধার কার্ড চক্রে জড়িত থাকার অভিযোগে সোনারপুরের ঘাসিয়ারা অঞ্চল থেকে এক ব্যক্তি গ্রেপ্তার।

৪/ ২০২১ সালে কলকাতার রিজেন্ট পার্ক থানা এলাকায় ম্যানহোল পরিষ্কার করতে নেমে চার জনের মৃত্যু ও তিন জনের আহত হওয়ার ঘটনায় ক্ষতিপূরণ-এর নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৫/মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজের জন্য বিদ্যাসাগর সেতু আগামীকাল সকাল ৬'টা থেকে দুপুর দুটো পর্যন্ত বন্ধ থাকবে।

৬/ পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনে আপ ও ডাউন রানাঘাট-বনগাঁ-শিয়ালদা AC লোকাল, গোপালনগর ও বামুনগাছি স্টেশনে আজ থেকে পরীক্ষামূলকভাবে অতিরিক্ত স্টপেজ দেবে।

আগামী বিধানসভা ভোটের প্রস্তুতি নিয়ে মুখ্যসচিব মনোজ পন্থ আজ নবান্নে জেলাশাসকদের সঙ্গে এক বৈঠকে করবেন। নির্বাচনী পরিকাঠামো খতিয়ে দেখার পাশাপাশি EVM-এর প্রস্তুতি নিয়েও আলোচনা হওয়ার কথা ঐ বৈঠকে।

এদিকে, ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার সাফল্য মূলত বুথ লেভেল আধিকারিকদের ওপর নির্ভরশীল এবং নির্বাচন কমিশন তাদের উপর পূর্ণ আস্থা রাখছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন।

নিউ টাউনে গতকাল বিধানসভা নির্বাচনের আগে EVM ও VVPAT-এর ফাস্ট লেভেল চেকিং কর্মসূচী উপলক্ষে এক বিশেষ কর্মশালায় রাজ্য বেশ কয়েকজন BLO-র বিরুদ্ধে কর্তব্যে গাফিলতির অভিযোগের প্রেক্ষিতে তিনি স্পষ্ট বলেন, তাঁরা রাতদিন পরিশ্রম করছেন। কয়েকজনের বিরুদ্ধে অভিযোগ থাকতেই পারে, কিন্তু ৯৯ শতাংশ ই সম্পূর্ণ দায়বদ্ধতার সঙ্গে কাজ করছেন, সাংবিধানিক দায়িত্ব'ও পালন করছেন।

(বাইট- মনোজ আগরওয়াল)

পশ্চিমবঙ্গের দায়িত্বপ্রাপ্ত সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী'ও কর্মশালায় উপস্থিত ছিলেন। রাজ্যের ২৪টি জেলার নির্বাচনী আধিকারিক, অতিরিক্ত জেলাশাসক (নির্বাচন), জেলা EVM নোডাল অফিসার ও FLC সুপারভাইজাররা ওই কর্মশালায় অংশ নেন।

নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, মোট ৫২টি স্থানে এই ফাস্ট লেভেল চেকিং হবে।

আগামী বৃহস্পতিবার ২৭-শে নভেম্বর থেকে রাজ্যের ১০টি জেলায় শুরু হবে EVM ও VVPAT-এর FLC প্রক্রিয়া চলবে আগামী ১৫ জানুয়ারি পর্যন্ত।

অন্যদিকে, SIR ইসুতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামী মঙ্গলবার (২৫শে নভেম্বর) উত্তর ২৪ পরগণার বনগাঁয় সভা ও রোড শো করবেন।

ভোটার তালিকায় নিবিড় সংশোধনের কাজ করতে গিয়ে বিএলওদের উপর অতিরিক্ত চাপের যে অভিযোগ উঠেছে তার জন্য মমতা ব্যানার্জি সরকার দায়ী বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী দাবী করেছেন। বর্ধমানের মেমারির পাল্লা ক্যাম্পে তিনি গতকাল দলের পরিবর্তন সংকল্প সভায় যোগ দেন।

পরে সাংবাদিকদের বিরোধী দলনেতা বলেন, নির্বাচন কমিশন বিএলওদের জন্য নতুন ভাতা ঠিক করেছে। কিন্তু মমতা ব্যানার্জি সরকারের অর্থ দণ্ডের তা আটকে রেখেছে। ৮০ হাজার বিএলও সেই সাম্মানিক পান নি বলে তাঁর অভিযোগ করেন।

(বাইট-শুভেন্দু)

তাঁর আরও দাবী, পূর্ব বর্ধমানের জেলাশাসক বিএলওদের কাছ থেকে ওটিপি নাম্বার জানতে চেয়েছেন, যা বেআইনি। নির্বাচন কমিশনের নির্দেশিকা অনুযায়ী জেলার নির্বাচনী আধিকারিক হওয়ার যোগ্যতা তাঁর নেই।

পূর্ব মেদিনীপুর এবং হগলীর জেলাশাসকের বিরুদ্ধে নির্বাচন কমিশনের কাছে তিনি অভিযোগ জানিয়েছেন।

SIR-এর আবহেই ভুয়ো আধার কার্ড চক্রে জড়িত থাকার অভিযোগে সোনারপুরের ঘাসিয়ারা অঞ্চল থেকে এক ব্যক্তিকে পুলিশ গ্রেপ্তার করেছে। ধৃত কল্পনার মণ্ডল দক্ষিণ ২৪ পরগনার গোসাবার কুমিরমারি এলাকার বাসিন্দা, তবে ঘাসিয়াড়ায় ভাড়া বাড়িতে থাকত সে। নির্দিষ্ট তথ্যের ভিত্তিতে সোনারপুর থানার পুলিশ তাকে পাকড়াও করে।

তাঁর ভাড়া বাড়িতে তল্লাশি চালিয়ে উদ্বার হয়েছে একাধিক ভুয়ো আধার কার্ড, নামবিহীন আধার কাগজ, ফিঙারপ্রিন্ট মেশিন, ওয়েব ক্যামেরা, স্ক্যান ক্যামেরা, ল্যাপটপ, প্রিন্টার-সহ আধার তৈরির প্রয়োজনীয় নানা সরঞ্জাম। পুলিশের অনুমান, দীর্ঘদিন ধরেই এই সরঞ্জাম ব্যবহার করে চলছিল ভুয়ো পরিচয়পত্র তৈরির কারবার।

তদন্তে জানা গিয়েছে, ভিন রাজ্যের এক ব্যক্তির আইডি ব্যবহার করে কাজ চালাত কল্পদেব। বিহার, উত্তরপ্রদেশ সহ বিভিন্ন রাজ্যের মানুষের পরিচয়ের তথ্য ব্যবহার করা হত বলে দাবি পুলিশের। এমনকি বাংলাদেশি নাগরিকদেরও আধার কার্ড তৈরি করে দেওয়ার অভিযোগ উঠেছে তার বিরুদ্ধে। এই চক্রে আরও কেউ জড়িত কিনা, পুলিশ তা খতিয়ে দেখছে।

২০২১ সালে কলকাতার রিজেষ্ট পার্ক থানা এলাকায় ম্যানহোল পরিস্কার করতে নেমে চার জনের মৃত্যু ও তিন জনের আহত হওয়ার ঘটনায় ক্ষতিপূরণ-এর নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি চৈতালী চ্যাটার্জি দাসের ডিভিশন বেঞ্চ কলকাতা পুরসভার নিকাশি দণ্ডরকে তিন মাসের মধ্যে মৃতদের পরিবারকে মোট ৩০ লক্ষ টাকা করে দিতে বলেছেন। তবে আগে ১০ লক্ষ টাকা দেওয়া হয়ে যাওয়ায়, বাকি ২০ লক্ষ টাকা এখন দিতে হবে। এছাড়া, আহতদের ২ মাসের মধ্যে ৫ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ দিতে বলা হয়েছে।

পাশাপাশি সরকারকে ৩০ দিনের মধ্যে 'ম্যানুয়াল স্ক্যাভেনজার এষ্ট ২০১৩' অনুযায়ী নীতি নির্দেশিকা প্রণয়নের নির্দেশ দিয়েছে আদালত। এই নির্দেশ পালন করা হল কিনা, তা' জানিয়ে হাইকোর্টের রেজিস্ট্রার জেনারেলকে রিপোর্ট জমা দিতে'ও বলা হয়েছে।

পূর্ব কলকাতার নিউটাউন সংলগ্ন পাথরঘাটায় পুরসভার উদ্যোগে তৈরি প্লান্টে ইট পাথরের মত কঠিন বর্জ্য পাঠানো হচ্ছে না বলে ক্ষেত্র প্রকাশ করেছেন রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম। পুরভবনে গতকাল তিনি বলেন ই এম বাইপাস সংলগ্ন নিচু ও জলা জায়গায় ফেলা ওই কঠিন বর্জ্য সামগ্রী যাতে

পাথরঘাটাটায় প্লান্টে নিয়ে যাওয়া হয় তা দেখার জন্য তিনি পুর প্রতিনিধিদের তৎপর হতে বলেন।

(বাইট- ফিরহাদ হাকিম)

পশ্চিমবঙ্গের রাজ্যপাল হিসাবে আগামীকাল-২৩ নভেম্বর তৃতীয় বছর পূর্ণ করছেন ডঃ সিভি আনন্দ বোস। তার আগে ব্যক্তিগত জীবন থেকে প্রশাসনিক চ্যালেঞ্জ, রাজ্যের রাজনৈতিক ভবিষ্যত থেকে ভোট হিংসা... নানা বিষয়ে আকাশবাণীকে দেওয়া একান্ত স্বাক্ষারকারে অকপট রাজ্যপাল।

স্বাক্ষারকার নিয়েছেন সন্দীপন দাশগুপ্ত এবং অভিরূপ ভট্টাচার্য।

পূর্ণাঙ্গ স্বাক্ষারকারটি শুনুন আগামীকাল (রবিবার- 23.11.25) রাত ৮ টায় আকাশবাণী সঞ্চায়িতা এবং 100.1 এফ.এম গোল্ড প্রচার তরঙ্গে।

আকাশবাণী কলকাতার সোশ্যাল মিডিয়ার সবক'টি প্ল্যাটফর্মে শোনা যাবে এই অনুষ্ঠান।

আকাশবাণী কলকাতা, ১০ টি জেলার জন্য চুক্তির ভিত্তিতে আংশিক সময়ের সাংবাদিক নিয়োগ করবে। জেলাগুলি হল- বীরভূম, আলিপুরদুয়ার, পশ্চিম বর্ধমান, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, কালিম্পং, ভগলী, পূর্ব মেদিনীপুর এবং কলকাতা।

এ সংক্রান্ত যাবতীয় তথ্য www.newsonair.gov.in -এ পাওয়া যাবে।

আবেদন জানানোর শেষ তারিখ, ১৫ই ডিসেম্বর।

মেরামতি ও রক্ষণাবেক্ষণের কাজের জন্য বিদ্যাসাগর সেতু আগামীকাল আরও এক দফা বন্ধ থাকবে। সকাল ৬টা থেকে দুপুর দুটো পর্যন্ত সেতু দিয়ে সমস্ত ধরনের যান চলাচল বন্ধ রাখা হবে বলে প্রশাসন জানিয়েছে। সেই সময় সব যান বাহন অন্য পথে ঘুরিয়ে দেয়া হবে বলে পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে। পণ্যবাহী যান ছাড়া হাওড়া

থেকে আসা কলকাতাগামী যানবাহনগুলি বিকল্প পথ হিসেবে হাওড়া সেতু (রবীন্দ্র সেতু) অথবা নিবেদিতা বা ওল্ড বালি ব্রিজ ব্যবহার করতে পারবে।

এছাড়া ১৬ নম্বর জাতীয় সড়ক ধরে কোলাঘাটের দিক থেকে আসা কলকাতাগামী পণ্যবাহী যানগুলি ধুলাগড়-নির্বা-সলপ-পাকুরিয়া-সিসিআর ব্রিজ ব্যবহার করে নিবেদিতা সেতু দিয়ে চলাচল করতে পারে।

অন্যদিকে, ডানকুনির দিক থেকে আসা পণ্যবাহী যানগুলি যেগুলি কোনা এক্সপ্রেসওয়ে/ দ্বিতীয় লুগলি সেতু ব্যবহার করে কলকাতায় যেতে চায় সেগুলিও নিবেদিতা সেতু ব্যবহার করতে পারে।

পণ্যবাহী গাড়ি ছাড়া কোলাঘাটগামী যানবাহন কাজীপাড়া-জিটি রোড-বাতাইতলা-আন্দুল রোড-আলমপুর- ১৬ নম্বর জাতীয় সড়ক -ধুলাগড়-রানিহাটি দিয়ে অথবা হ্যাংসাং ক্রসিং, কোনা এক্সপ্রেসওয়ে, নিরো, NH 16, অংকুরহাটি, ধুলাগড়, রাণীহাটি হয়ে কোলাঘাটের দিকে যেতে পারবে।

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন আজ থেকে আগামী ৩১ ডিসেম্বর পর্যন্ত আপ ও ডাউন রানাঘাট-বনগাঁ-শিয়ালদা AC EMU লোকাল, রানাঘাট-বনগাঁ শাখার গোপালনগর এবং বনগাঁ-বারাসাত শাখার বামুনগাছি স্টেশনে পরীক্ষামূলকভাবে অতিরিক্ত স্টপেজ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

এর ফলে ওই অঞ্চলের মানুষের দীর্ঘদিনের দাবি পূরণ হবে বলে আশা করা হচ্ছে।

ওভারহেড তারে মেরামতি এবং সিগন্যালের রক্ষণাবেক্ষণ কাজের জন্য পূর্ব রেলের হাওড়া ডিভিশনে আগামীকাল (২৩ নভেম্বর) ট্র্যাফিক ব্লক থাকবে।

এই কারণে ওই দিন হাওড়া থেকে চারটি, ব্যান্ডেল ও আরামবাগ থেকে দুটি করে এবং বর্ধমান, শেওড়াফুলি ও কাটোয়া থেকে একটি করে লোকাল বাতিল থাকবে।

এছাড়া হাওড়া-আরামবাগ লোকাল তারকেশ্বরে যাত্রা শেষ করবে। কাটোয়া -
আজিমগঞ্জ লোকাল, আজিমগঞ্জ থেকে দুপুর ১২ টার পরিবর্তে সাড়ে ১২ টায় ছাড়বে
বলে রেল সূত্রের খবর।
